

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

নং- ১(১৯)/২০১১-প্রশাঃ/ ১০৬

তারিখঃ ০২/১০/২০১৮ খ্রিঃ

বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য কপিরাইট অফিসের তথ্যাদি ছক মোতাবেক (হার্ড কপি ও সফট কপি মেইলে) সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এই সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

(জাফর রাজ্জা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইট
ফোনঃ ৯১১৯৬৩২ (অফিস)

Copyrightoffice_bangladesh @yahoo.com

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, ঢাকা।

বিষয় : কপিরাইট অফিসের সংক্ষিপ্ত পরিচিতি।

কপিরাইট অফিসের কার্যাবলী কপিরাইট আইন-২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর বিধানমতে পরিচালিত হয়। কপিরাইট হচ্ছে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত সৃজনশীল ব্যক্তিবর্গের সৃষ্টকর্মের উপর তাঁদের অধিকার। কপিরাইট আইন বাস্তবায়নের মাধ্যমে নির্মাতা/রচয়িতাদের সৃজনশীল কর্মসমূহের স্বত্বের সুরক্ষা প্রদান করা হয়। সৃজনশীল ব্যক্তিবর্গের মেধাশক্তির সার্বিক উন্নয়ন, সৃজনশীল কর্মে তাদের উৎসাহ বৃদ্ধিকরণ এবং কপিরাইট সংক্রান্ত পাইরেসি রোধকরণের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন সাধনই কপিরাইট আইনের লক্ষ্য ও উদ্দেশ্য। কোন দেশ বা জাতির সাংস্কৃতিক কর্মকান্ড-যেমন, সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, রেকর্ডকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র বিষয়ককর্ম, বেতার ও টেলিভিশন সম্প্রচার, কম্পিউটার-সফটওয়্যার ইত্যাদি সৃজনশীল কর্মের উন্নয়ন ও সংরক্ষণের বিষয়ে কপিরাইট আইন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

কপিরাইট অফিসের প্রধান প্রধান কার্যাবলী :

- ক) কপিরাইট সংক্রান্ত কর্মের রেজিস্ট্রেশন ও সনদপত্র প্রদান।
- খ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে উদ্ভূত বিরোধসমূহ নিষ্পত্তিকরণ।
- গ) বিদেশী ভাষা থেকে বাংলা ভাষায় অনুবাদ/পুনঃ প্রকাশের লাইসেন্স প্রদান।
- ঘ) সম্প্রচার সংক্রান্ত বিদেশী কর্মের বাংলায় অনুবাদ করার লাইসেন্স প্রদান।
- ঙ) কপিরাইট রেজিস্ট্রিকৃত কর্মের অবৈধ কপি আমদানি বন্ধকরণ।
- চ) সাহিত্যকর্ম/নাট্যকর্মের অনুবাদ, প্রকাশ কিংবা পুনরুৎপাদন এর লাইসেন্স প্রদান।
- ছ) কপিরাইট সমিতি/ Collective Management Organization (CMO) নিবন্ধন।
- জ) কপিরাইট সংক্রান্ত রেজিস্ট্রিকৃত কর্মের নমুনা সংরক্ষণ।
- ঝ) কপিরাইট সংক্রান্ত বিষয়ে সরকারকে সময়ে সময়ে পরামর্শ প্রদান।


২। ২০১৭-১৮ অর্থ বছরের সম্পাদিত ও গৃহীত কার্যাবলি :

- রেজিস্ট্রেশন প্রক্রিয়ার সময় সংক্ষিপ্তকরণ: সৃজনশীল মেধাসম্পদের রেজিস্ট্রেশনের জন্য পূর্বে ৩ থেকে ৬ মাস সময়ের প্রয়োজন হতো। হেল্পডেস্ক এবং হেল্পলাইন স্থাপন ও অন্যান্য প্রচার কার্যক্রম গ্রহণের ফলে আবেদন নিষ্পত্তির প্রক্রিয়া সহজ হয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে ৩৫ থেকে ৩৭ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করা হচ্ছে।
- কপিরাইট আইন সংশোধন: কপিরাইট আইনকে আরোও যুগোপযুগি করার লক্ষ্যে আইন সংশোধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আইন সংশোধনের লক্ষ্যে ইতোমধ্যে খসড়া আইন চূড়ান্ত করা হয়েছে। ভেটিং এর কার্যক্রম প্রক্রিয়াধীন।

- ওয়েবসাইট হালনাগাদকরণ : সেবার মান উন্নয়নের লক্ষ্যে কপিরাইট অফিসের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। কপিরাইট রেজিস্ট্রেশনের নিয়মাবলী, আইন-বিধি, ফরম এবং সিটিজেন চার্টার ও এপিএ বিষয়ক তথ্যাদি ওয়েব সাইটে দেয়া আছে।
- ফেসবুক হালনাগাদকরণ : কপিরাইট অফিসের উল্লেখযোগ্য কার্যক্রম ফেসবুকে নিয়মিতভাবে আবলোড করা হচ্ছে।
- ই-ফাইলিং কার্যক্রম : কপিরাইট অফিসে ই-নথি ব্যবস্থা চালু করা হয়েছে।
- ই-টেন্ডার রেজিস্ট্রেশন : কপিরাইট অফিসের ই-টেন্ডার কার্যক্রম ই-টেন্ডার পদ্ধতিতে পরিচালনার জন্য সিপিটিইউ-এর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- বিভিন্ন মেলা এবং স্টলে অংশগ্রহণ : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন যেকোন প্রতিষ্ঠান ও সম্পর্কিত অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিভিন্ন মেলা যেমন-অমর একুশে গ্রন্থ মেলা, সিলেট ও যশোর জেলায় অনুষ্ঠিত বই মেলায় অংশগ্রহণ করে কপিরাইট নিবন্ধন ও পাইরেসি বন্ধকরণের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।
- ডিজিটাল সনদ তৈরি: কপিরাইট অফিসের মনোগ্রাম তৈরি, কপিরাইট রেজিস্ট্রেশন ও লাইসেন্স এর ডিজিটাল সনদ তৈরি করা হয়েছে।
- আইনী সহায়তা কেন্দ্র স্থাপন: কপিরাইট আইনী সহায়তার জন্য কপিরাইট আইনী সহায়তা কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংক্ষণ সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন।

৩। ২০১৮-১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা :

- অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম বাস্তবায়ন;
- কপিরাইট আইন, রেজিস্ট্রেশন ও পাইরেসি সংক্রান্ত স্টেক হোল্ডারদের মাঝে প্রচার জোরদারকরণ;
- নতুন কপিরাইট আইন প্রণয়ন;
- কপিরাইট ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন;
- কপিরাইট সমিতি গঠন;
- ১৬ টি শূন্য পদ পূরণ ও কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন;
- নিয়োগ বিধি সংশোধন;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ তৈরি;
- ওয়েব সাইট হালনাগাদকরণ;
- লোক সাংস্কৃতিক অভিব্যক্তি সনাক্ত, সংগ্রহ, মূল্যায়ন ও সংক্ষণ সংক্রান্ত বিশেষ কর্মসূচির পাইলট কার্যক্রম বাস্তবায়ন।


 (জাফর রাজা চৌধুরী)
 রেজিস্ট্রার অফ কপিরাইট